

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৭৪

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ২৫. হাওয-কাওছার সম্পর্কে।

باب فِي الْحَوْضِ

## আরবী

حَدَّتَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّتَنَا عَبْدُ السَّلَامِ بْنُ أَبِي حَازِمٍ أَبُو طَالُوتَ، قَالَ شَهِدْتُ أَبَا بَرْزَةَ دَخَلَ عَلَى عُبَيْدِ اللَّهِ بْنِ زِيَادٍ فَحَدَّتَنِي قُلاَنٌ، سَمَّاهُ مُسْلِمٌ وَكَانَ فِي السِّمَاطِ فَلَمَّا رَآهُ عُبَيْدُ اللَّهِ قَالَ : إِنَّ مُحَمَّدِيَّكُمْ هَذَا الدَّحْدَاحُ، فَفَهِمَهَا الشَّيْخُ فَقَالَ مَا كُنْتُ أَحْسِبُ رَآهُ عُبَيْدُ اللَّهِ قَالَ : إِنَّ مُحَمَّدِ صِلَى الله عليه وسلم فَقَالَ لَهُ عُبَيْدُ اللَّهِ إِنَّ صَحْدَبَةَ مُحَمَّدٍ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ عُبَيْدُ اللَّهِ إِنَّ صَحْدَبَةَ مُحَمَّدٍ صلى الله عليه وسلم لَكَ زَيْنٌ غَيْرُ شَيْنٍ ثُمَّ قَالَ : إِنَّمَا بُعِثْتُ إِلَيْكَ لأَسْأَلَكَ عَنْ الْحَوْضِ سَمِعْتَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَذْكُرُ فِيهِ شَيْئًا فَقَالَ أَبُو بَرْزَةَ : عَن الْحَوْضِ سَمِعْتَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَذْكُرُ فِيهِ شَيْئًا فَقَالَ أَبُو بَرْزَة : عَن الْحَوْضِ سَمِعْتَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَذْكُرُ فِيهِ شَيْئًا فَقَالَ أَبُو بَرْزَة : عَن الْحَوْضِ سَمِعْتَ رَسُولَ اللَّه صلى الله عليه وسلم يَذْكُرُ فِيهِ شَيْئًا فَقَالَ أَبُو بَرْزَة : غَنْ الْحَوْضِ سَمِعْتَ رَسُولَ اللَّه مِلْ الله عَليه وسلم يَذْكُرُ فِيهِ شَيْئًا فَقَالَ أَبُو بَرْزَة : خَمْ لاَ مَرَّةً وَلاَ ثِنْتَيْنِ وَلاَ ثَلاَتًا وَلاَ أَرْبَعًا وَلاَ خَمْسًا، فَمَنْ كَذَّبَ بِهِ فَلاَ سَقَاهُ اللَّهُ مِنْهُ ثُمَّ خَرَجَ مُغْضَبًا .

## বাংলা

৪৬৭৪. মুসলিম ইবন ইবরাহীম (রহঃ) .... আবদুস সালাম ইবন আবূ হাযিম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি আবূ বার্যা (রাঃ)-কে উবায়দুল্লাহ ইবন যিয়াদ (রহঃ) এর কাছে যেতে দেখি। এরপর আমার কাছে মুসলিম নামে এক ব্যক্তি, যিনি সেখানে উপস্থিত ছিলেন, বলেনঃ উবায়দুল্লাহ ইবন যিয়াদ (রহঃ) আবূ বার্যা (রাঃ)-কে দেখে বলেনঃ দেখ! তোমাদের এ মুহাম্মদী (মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী) মোটা পা বিশিষ্ট। একথা শুনে আবূ বার্যা (রাঃ) বুঝতে পারেন যে (ইবন যিয়াদ ঘৃণাভরে এরূপ উক্তি করছে।) তখন তিনি বলেনঃ আমি এরূপ খেয়াল করিনি যে, আমি এরূপ লোকদের সাথে অবস্থান করবো, যে আমাকে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী হওয়ার জন্য দোষারূপ করবে।

একথা শুনে উবায়দুল্লাহ ইবন যিয়াদ বলেনঃ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সোহবত তো আপনার জন্য গৌরবের বিষয়, এটা কোন দোষের ব্যাপার নয়। এরপর তিনি বলেনঃ আমি আপনাকে এ জন্য ডেকেছি যে, আমি আপনার কাছে হাওয-কাওছার সম্পর্কে জিজ্ঞাসা করবো। আপনি কি এ সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কিছু শুনেছেন? আবূ বার্যা (রাঃ) বলেনঃ হ্যাঁ, শুনেছি। এক, দুই, তিন, চার বা



পাঁচবার নয়, বরং বহুবার শুনেছি। আর যে ব্যক্তি এ কথাকে মিথ্যা প্রতিপন্ন করবে, আল্লাহ্ তাকে সে হাওযের পানি পান করাবেন না। এরপর তিনি সেখানে থেকে বাগান্বিত হয়ে বেরিয়ে আসেন।

## **English**

AbdusSalam ibn AbuHazim AbuTalut said:

I saw AbuBarzah who came to visit Ubaydullah ibn Ziyad. Then a man named Muslim who was there in the company mentioned it to me. When Ubaydullah saw him, he said: This Muhammad of yours is a dwarf and fat. The old man (i.e. AbuBarzah) understood it. So he said: I don't think that I should remain among people who criticize me for having had the company of Muhammad (). Thereupon Ubaydullah said to him: The company of Muhammad () is a honour for you, not a disgrace. He added: I called for you to ask about the Haud (reservoir or cistern). Did you hear the Messenger of Allah () say anything about it? AbuBarzah said: Yes, not once, twice, thrice, four times or five times. Whoever disbelieves in it, may Allah not supply him with water from it. He then went away angrily.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন